অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/20/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস নিউ ইয়র্ক স্টেট জরুরি ভাড়া সহায়তা কর্মসূচির মাধ্যমে 15,000 NYCHA গৃহস্থালির জন্য 95 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল বিতরণের ঘোষণা করলেন

অর্থবছর 2023 এবং 2024 এর বাজেটে ফেডারেল জরুরি ভাড়া সহায়তা কর্মসূচি তহবিলের সম্পূরক হিসেবে গভর্নর ও আইনসভা 1.15 বিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছে

গভর্নর পাবলিক হাউজিংকে জর্জরিত করে রাখা অবহেলার যুগের অবসান করাকে অগ্রাধিকার প্রদান করেছেন; NYCHA সংরক্ষণ ট্রাস্ট তৈরি এবং বাসিন্দাদের সুরক্ষা প্রদান করার জন্য লড়াই করেছেন

গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামস আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক সিটি জরুরি ভাড়া সহায়তা কর্মসূচি (Emergency Rental Assistance Program, ERAP) প্রায় 15,000 নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের (New York City Housing Authority, NYCHA) বাসিন্দার বকেয়া ভাড়া পরিশোধ করার জন্য প্রায় 95 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করা শুরু করেছে। অর্থবছর 2024 প্রণীত বাজেটে তহবিলটি পাশ করার প্রথম ছয় মাসের মধ্যে এই মাইলফলকটি অর্জন করা হলো। নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের ভাড়াটিয়াদের জন্য 95 মিলিয়ন মার্কিন ডলার হলো অর্থবছর 2024 প্রণীত বাজেটে পাবলিক হাউজিং ও সেকশন 8 এর বাসিন্দাদের জন্য গভর্নর হোকল এবং আইনসভার নিশ্চিত করা 350 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগের অংশ।

"সরকারি বা ভর্তুকি পাওয়া আবাসনে বাস করা ভাড়াটিয়াদের নিরাপদ, বাসযোগ্য এবং সাশ্রয়ী বাসা প্রাপ্য," **গভর্নর হোকল বলেন।** "পাবলিক হাউজিংয়ে মুখ্য এই বিনিয়োগ 15,000 গৃহস্থালীকে তাদের বাসায় থাকতে সাহায্য করছে, এবং সকল যোগ্য ভাড়াটিয়া যাতে তাদের প্রয়োজনীয় সমর্থন পায় তা নিশ্চিত করতে আমি NYCHA এর সাথে কাজ করবো।"

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "আমি গৃহহীনতার দ্বারপ্রান্তে বড় হয়েছি, তাই আমি নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী আবাসনের কত গুরুত্বপূর্ণ তা জানি। যখন কোভিড প্রথম আমাদের অর্থনীতির ব্যাপক পতনের কারণ হয়, এবং ব্যবসাসমূহ বন্ধ হতে শুরু করে এবং মানুষের চাকরি চলে যায়, তখন অন্য নিউ ইয়র্কবাসীদের জন্য যেই জরুরি ভাড়া সহায়তা

উপলভ্য ছিলো, NYCHA বাসিন্দারা কার্যত তা থেকে বাদ পড়ে। বহু মাস ধরে, আমাদের প্রশাসন বাসিন্দা এবং নির্বাচিত কর্মকর্তাদের সাথে অংশীদারিত্ব করে তাদের প্রয়োজনীয় সমর্থনের পক্ষে কথা বলেছে, এবং আমি গর্বিত যে আমরা আজকে তাদের জন্য এটি প্রদান করতে পারছি। আমাদের দলগুলি একত্রে বসে একটি প্রক্রিয়া গঠন করছে যা কষ্টে থাকা পরিবারসমূহকে সম্পূর্ণ এক বছর পর্যন্ত আর্থিক ত্রাণ প্রদান করবে, এবং আমরা ইতিমধ্যে 33,000 নিউ ইয়র্ক সিটি গৃহস্থালির পক্ষে 128 মিলিয়ন মার্কিন ডলার মূল্যমানের আবেদন জমা করেছি। আমরা যাতে যাদের প্রয়োজন তাদের যত দ্রুত সম্ভব সমর্থন প্রদান করতে পারি সেজন্য এটি কীভাবে করতে হবে তা নির্ণয় করা এবং দ্রুত করার জন্য আমি গভর্নর হোকল, সিনেটে ও অ্যাসেম্বলিতে আমাদের অংশীদারগণ, এবং আমাদের প্রশাসনের সকলকে ধন্যবাদ জানাতে চাই। জরুরি ভাড়া সহায়তা কর্মসূচির মাধ্যমে আমরা আজকে যেই বিনিয়োগ করেছি তা শুধু সঠিক পদক্ষেপ নয়, বরং এটি বুদ্ধিমান পদক্ষেপও, কারণ আজকে নিউ ইয়র্কবাসীর জন্য বিনিয়োগ করলে তা আগামীদিনে লভ্যাংশ প্রদান করবে।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "বিগত বেশ কিছু বছর ধরে, আমরা অতি গুরুত্বপূর্ণ ভাড়া সহায়তা এবং কোভিড-19 মহামারী ও অর্থনৈতিক সঙ্কটের সময় থেকে মৌলিক চাহিদা পূরণে সংগ্রাম করা আমাদের স্টারের পরিবারসমূহকে সাহায্য করার জন্য লড়াই করেছি। এই বছরের বাজেটে আমরা যেই তহবিল নিশ্চিত করেছি তা NYCHA এবং পাবলিক হাউজিং বাসিন্দাদের জন্য একটি লাইফলাইন হিসেবে কাজ করবে। ERAP তহবিলটি হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে ভাড়া ত্রাণ প্রদান করেছে যার তাদের নিদারুণ প্রয়োজন ছিলো, এবং NYCHA কে এর কর্মকাণ্ডের ব্যয় পূরণ করার সক্ষমতা প্রদান করেছে। নিউ ইয়র্কবাসীকে তাদের বাসায় থাকতে এবং নিরাপদ, সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস পেতে সাহায্য করতে আমরা কাজ অব্যাহত রাখবো।"

অর্থবছর 2023 এবং 2024 এর প্রণীত বাজেটে ফেডারেল ফেডারেল জরুরি ভাড়া সহায়তা কর্মসূচি তহবিলের সম্পূরক হিসেবে গভর্নর ও আইনসভা 1.15 বিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছে, যার মধ্যে রয়েছে বকেয়া ভাড়া সহায়তার জন্য 391 মিলিয়ন মার্কিন ডলার যার 350 মিলিয়ন মার্কিন ডলার নিউ ইয়র্ক স্টেটের পাবলিক ও ভর্তুকি পাওয়া হাউজিং বাসিন্দাদের জন্য ERAP সমর্থনে ব্যবহার করা হবে, এবং ERAP তহবিলের পাশাপাশি নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের ভাড়াটিয়াদের বকেয়া পরিশোধ করার জন্য বিশেষভাবে 35 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে।

ERAP অনুমোদন করা স্টেট বিধিমালা অনুযায়ী, অন্য সকল আবেদন বিবেচনা করার পূর্বে ভর্তুকি পাওয়া আবাসনের ভাড়াটিয়াদের অর্থ প্রদান করা যাবে না। অর্থবছর 2024 বাজেট বিশেষভাবে উল্লেখ করেছে যে অতিরিক্ত 350 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল পাবলিক হাউজিংয়ের এবং অন্যান্য সরকারিভাবে ভর্তুকি পাওয়া হাউজিংয়ের ভাড়াটিয়াদের আবেদনের অর্থায়ন করার জন্য হবে। স্টেট ERAP পেমেন্টসমূহের প্রাপ্তি NYCHA এর বাসিন্দাদের অতি গুরুত্বপূর্ণ সেবা প্রদান করার ক্ষমতাকে ইতিবাচকভাবে প্রভাবিত করেছে।

এখন পর্যন্ত, নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ 14,863 গৃহস্থালির পক্ষে মোট 94.8 মিলিয়ন মার্কিন ডলার অর্থ পেয়েছে। ERAP তহবিলের সাথে সম্ভাব্য সর্বোচ্চ সংখ্যক গৃহস্থালি যুক্ত করার

একটি প্রয়াসে, নিউ ইয়র্ক স্টেট অস্থায়ী অক্ষমতা সহায়তা অফিস (New York State Office of Temporary Disability Assistance, OTDA) একটি প্রক্রিয়া স্থাপন করার জন্য NYCHA এর সাথে অংশীদারিত্ব করেছে যেখানে মহামারীর চূড়ান্ত সময় বকেয়া জমে যাওয়া গৃহস্থালিসমূহের জন্য 12 মাস পর্যন্ত আর্থিক ত্রাণ প্রদান করা হবে।

গভর্নর হোকল এর পূর্বে নিউ ইয়র্ক পাবলিক হাউজিং সংরক্ষণ ট্রাস্ট (New York Public Housing Preservation Trust) তৈরি করে বিধিমালায় স্বাক্ষর করেন, যার উদ্দেশ্য 25,000 NYCHA অ্যাপার্টমেন্টের দীর্ঘদিন ধরে না হওয়া মেরামত, পুনর্বাসন, এবং আধুনিকায়ন। সংরক্ষণ ট্রাস্টটি প্রয়োজনীয় মেরামত ও উন্নয়নকাজের সমর্থনের জন্য কয়েক বিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল সম্ভব করবে। নিউ ইয়র্কে ভাড়াটিয়াদের সমর্থন করার জন্য গভর্নর হোকল একাধিক আইন স্বাক্ষর করেছেন, সবথেকে সম্প্রতি খাওয়া বা রান্নার জন্য পানি অনিরাপদ হয়ে গেলে তা দ্রুত বাসিন্দাদের অবগত করা NYCHA এর জন্য আবশ্যিক করে তিনি বিধিমালায় স্বাক্ষর করেছেন।

গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, স্টেট NYCHA এর জন্য 1.25 বিলিয়ন মার্কিন ডলার অত্যাবশ্যকীয় মূলধন মার্কিন ডলার প্রদান করেছে, এর সাথে রয়েছে অর্থবছর 2024 এ প্রদত্ত 135 মিলিয়ন মার্কিন ডলার।

নিউ ইয়র্ক স্টেট অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি. গুইন বলেন, "ERAP যাতে NYCHA বাসিন্দা এবং ভর্তুকি পাওয়া হাউজিংয়ের অন্যান্য ভাড়াটিয়াদের সহায়তা করতে পার, যারা মহামারীর নেতিবাচক অর্থনৈতিক ফলাফল দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছে এবং ভাড়া বকেয়া ফেলেছে, তা নিশ্চিত করা রজনী প্রয়োজনীয় তহবিল প্রদান করার জন্য OTDA গভর্নর হোকল ও আইনসভার প্রতি কৃতজ্ঞ। গভর্নর তার দায়িত্বকালের প্রথম থেকেই এই কর্মসূচির পক্ষে কথা বলেছেন এবং নিউ ইয়র্কবাসীকে স্থিতিশীলভাবে বাসায় থাকতে সাহায্য করার জন্য 275,000 এর বেশি পেমেন্টের মাধ্যমে এই ভাড়ার সহায়তা প্রদান করার ক্ষেত্রে নিউ ইয়র্ক দ্রুতই দেশের শীর্ষ একটি স্থানে পৌঁছে যায়।"

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "ভাড়াটিয়াদের, বিশেষ করে কোভিড মহামারীর সময় ভাড়া দিয়ে কষ্ট করা সাশ্রয়ী এবং পাবলিক হাউজিংয়ের বাসিন্দাদের জন্য ত্রাণ প্রদান করা আবাসন সঙ্কট সমাধানের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ। আজকে, প্রায় 15,000 গৃহস্থালি বকেয়া ভাড়া পরিশোধ করতে পারবে এবং NYCHA এর কাছে তাদের বাসিন্দাদের অত্যাবশ্যকীয় সেবা প্রদান করার জন্য প্রয়োজনীয় সংস্থান থাকবে। NYCHA বাসিন্দাদের জন্য তাদের সমর্থন ও পাবলিক হাউজিংয়ের প্রতি প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর এবং আইনসভার প্রতি কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের প্রধান নির্বাহী কর্মকর্তা লিসা বোভা-হিয়াট বলেন, "গুরুত্বপূর্ণ এই ভাড়া ত্রাণ সম্ভব করা সকলের প্রতি NYCHA আরেকবার কৃতজ্ঞতা প্রকাশ করছে, যার মধ্যে রয়েছে গভর্নর ক্যাথি হোকল, সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, স্পিকার কার্ল হিস্টি, নিউ ইয়র্ক স্টেট আবাসন প্রধান সিনেটর ব্রায়ান কাভানাহ, এবং অ্যাসেম্বলি

সদস্য লিন্ডা রোজেনথাল, সেই সাথে রয়েছে মেয়র এরিক অ্যাডামস এবং আমাদের সিটি অংশীদারগণ যারা অবিচল সমর্থন প্রদান করেছেন এবং অবশ্যই সেই সাথে বাসিন্দারা নিজেরা রয়েছে যারা সাহসিকতার সাথে এই জরুরি তহবিলের পক্ষে কথা বলেছে। "এই তহবিল নিশ্চিত করা এবং পাবলিক হাউজিং ও ভর্তুকি পাওয়া ভাড়াটিয়াদের জন্য কর্মসূচির ইক্যুইটি নিশ্চিত করার মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট সত্যিকারের নেতৃত্ব প্রদর্শন করেছে, এবং অতি প্রয়োজনীয় এই সহায়তা শুরু হতে দেখে এবং বাসিন্দাদের অ্যাকাউন্টে যোগ হতে দেখে আমরা খুশি।

প্রতিনিধি নিডিয়া এম. ভ্যালেকোয়েজ বলেন, "মহামারীর চূড়ান্ত সময়ে, কর্মজীবী পরিবার ও ব্যক্তিরা যাতে নজিরবিহীন সঙ্কটের সময় নিজেকে বাসায় থেকে যেতে পারে তা নিশ্চিত করতে ফেডারেল ভাড়া সহায়তা নিশ্চিত করার জন্য আমি অধ্যবসায়ের সাথে কাজ করেছি। আজকে, পুরো নিউ ইয়র্কের পাবলিক ও সাশ্রয়ী হাউজিংয়ের বাসিন্দাদের জন্য 350 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে, যার মধ্যে সরাসরি NYCHA ভাড়াটিয়াদের জন্য 95 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে, নিউ ইয়র্ক যে সেই সহায়তা প্রদান করা অব্যাহত রেখেছে তার জন্য আমি গর্বিত। ফেডারেল সরকারের ERAP কর্মসূচির মাধ্যমে সম্ভব হওয়া এই অর্থ 15,000 এর বেশি NYCHA ভাড়াটিয়া ও পরিবারকে তাদের বকেয়া ভাড়া পরিশোধ করতে দিবে। ফেডারেল ERAP তহবিলের সম্পূরক প্রদান করার জন্য এবং NYCHA বাসিন্দারা যাতে তাদের বাসায় থেকে যেতে পারে তা নিশ্চিত করতে কাজের জন্য গভর্নর হোকল এবং স্টেটের আইনসভাকে আমি ধন্যবাদ জানাতে চাই।"

স্টেটের সিনেটর ব্রায়ান কাভানাহ বলেন, "2020 সালের মার্চ মাসে যখন কোভিড-19 প্রথম নিউ ইয়র্কে আঘাত হানে, তখন থেকে আমি জরুরি ভাড়া সহায়তা, এবং সেই সাথে 22 মাসের উচ্ছেদ স্থগিতাদেশ প্রদান করার জন্য লড়াই করছি, যাতে নিউ ইয়র্কবাসীদের তাদের বাসা থেকে বের হয়ে যেতে না হয় এবং জনস্বাস্থ্য সীমাবদ্ধতার কারণে চাকরি ও উপার্জন হারানোর সময় জমে যাওয়া অপরিশোধিত ভাড়ার দ্বারা তাদের চাপে পড়তে না হয়। জরুরি ভাড়া সহায়তা কর্মসূচিকে সম্পূর্ণ অর্থায়িত করতে গভর্নর ক্যাথি হোকল এবং আইনসভায় আমার সহকর্মীদের সাথে নিবিড়ভাবে কাজ করতে পেরে আমি খুশি, বিশেষ করে পাবলিক হাউজিংয়ের বাসিন্দাদের আওতাধীন করে এই চূড়ান্ত রাউন্ড নিশ্চিত করতে পেরে খুশি, যারা ERAP এর জন্য আবেদন করেছে এবং যোগ্য কিন্তু এই নিউ ইয়র্কবাসীদের আবেদনকে অগ্রাধিকার না প্রদান করা অন্যায় প্রবিধানের কারণে তাদেরকে সর্বনিম্ন অগ্রাধিকার প্রদান করা হয়েছিলো। সামগ্রিকভাবে, আমরা ERAP সহায়তার জন্য প্রায় 4 বিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছি, যার মধ্যে রয়েছে 1 বিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল, এটি অন্য যেকোনো স্টেটের তুলনায় অনেক বড় একটি স্টেট প্রতিশ্রুতি। এই লড়াইয়ে যোগদান করা বহু ভাড়াটিয়া নেতৃবৃন্দ, বাসিন্দা, পাবলিক হাউজিং কর্মকর্তা, এবং অ্যাডভোকেটদের, সেই সাথে সিনেট নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট কাজিন্স, স্পিকার কার্ল হিস্টি, অ্যাসেম্বলি আবাসন প্রধান লিন্ডা রোজেনথাল, এবং অ্যাসেম্বলি সদস্য গ্রেস লীকে আমি ধন্যবাদ জানাচ্ছি। এবং নিউ ইয়র্কবাসীরা যাতে তাদের প্রয়োজনীয় ত্রাণ ও সমর্থন পায় তা নিশ্চিত করার জন্য গভর্নর হোকলের নেতৃত্ব ও তার চলমান প্রতিশ্রুতির জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য লিন্ডা বি. রোজেনথাল বলেন, "জরুরি ভাড়া সহায়তা কর্মসূচি যখন কয়েক লাখ পরিবারকে লাইফলাইন প্রদান কাছে, তখন NYCHA বাসিন্দারা অর্থায়নের ক্ষেত্রে তালিকার শেষে ছিলো এবং প্রথমে তারা একটি পয়সাও পায়নি। নিউ ইয়র্ক স্টেট বাজেটে বিশেষ

করে NYCHA এর জন্য কয়েক মিলিয়ন মার্কিন ডলার ERAP তহবিল যোগ করার সফল লড়াইয়ের মাধ্যমে সেই ভুল সঠিক করার প্রয়াসে নেতৃত্ব দানকারী একজন হতে পেরে আমি গর্বিত। গভর্নর হোকলের সাথে কাজ করে আমরা নিশ্চিত করেছি যাতে NYCHA তহবিলে তাদের ন্যায্য ভাগ পায়। আমি জানি যে NYCHA এ প্রাথমিকভাবে প্রদত্ত 95 মিলিয়ন মার্কিন ডলার অতি গুরুত্বপূর্ণ হিসেবে প্রমাণিত হয়েছে, বহু পরিবারের জন্য দারুণ স্বস্তির ত্রাণ প্রদান করেছে এবং NYCHA বাসিন্দাদের জন্য একে পর্যাপ্ত সংরক্ষণ ও সেবা বজায় রাখতে সাহায্য করেছে।"

অ্যাসেম্বলি সদস্য গ্রেস লী বলেন, "লোয়ার ম্যানহাটনজুড়ে তেরোটি NYCHA ডেভেলপমেন্টের গর্বিত প্রতিনিধি হিসেবে, আমি নিজের চোখে দেখেছি পাবলিক ও ভর্তুকি পাওয়া আবাসন বাসিন্দারা মহামারী সময় কীভাবে অসামঞ্জস্যপূর্ণভাবে কষ্ট করেছে। তারা যেই আর্থিক সমস্যার সম্মুখীন হয়েছিলো তা ব্যাপক, এবং আমি ব্যক্তিগতভাবে এমন বহু বাসিন্দাদের চিনি যাদেরকে নিজেদের ভাড়া পরিশোধ এবং প্রিয়জনকে দাফন করা, পরিবারের খাবারের ব্যবস্থা করা, বা চিকিৎসার বিল পরিশোধ করার মধ্যকার অচিন্তনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে হয়েছে। যদিও তাদের সবথেকে বেশি সমর্থন প্রয়োজন, পাবলিক ও ভর্তুকি পাওয়া হাউজিংয়ের বাসিন্দাদের জরুরি ভাড়া ত্রাণের জন্য অগ্রাধিকার প্রদান করা হয়নি এবং অন্য সকল নিউ ইয়র্কবাসী যেই সংস্থান পেয়েছে তা থেকে তাদের বঞ্চিত করা হয়। এই বছরের স্টেট বাজেটে ERAP অর্থায়ন করার জন্য আমরা যেই 391 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছি তা সেই বাসিন্দাদের জীবন পরিবর্তনকারী ত্রাণ হবে এবং এটি পুরো নিউ ইয়র্ক স্টেটের হাজার হাজার পরিবারকে তাদের বাসায় থাকতে সাহায্য করবে। এই কারণে লড়াই করার জন্য আমি বাসিন্দা, আইনসভায় আমার সহকর্মী, এবং গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি, এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ, সাশ্রয়ী, মর্যাদাপূর্ণ আবাসন প্রদান করার জন্য আমাদের কাজ অব্যাহত রাখতে আমি উন্মুখ।"

সিরাকিউজ আবাসন কর্তৃপক্ষের (Syracuse Housing Authority) নির্বাহী পরিচালক এবং NYSPHADA এর প্রেসিডেন্ট উইলিয়াম সিমোন্স বলেন, "এই বছরের স্টেট বাজেটে 391 মিলিয়ন মার্কিন ডলার ERAP তহবিল নির্ধারণ করার জন্য গভর্নর ক্যাথি হোকল, স্পিকার কার্ল হিস্টি, সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট কাজিন্স এবং স্টেটের আইনসভায় আমাদের সকল অংশীদারের প্রতি নিউ ইয়র্ক স্টেট পাবলিক হাউজিং কর্তৃপক্ষ পরিচালক অ্যাসোসিয়েশন অত্যন্ত কৃতজ্ঞ।তিন বছর ধরে পাবলিক হাউজিং কর্তৃপক্ষসমূহ এবং আমাদের ভাড়াটিয়াগণ মহামারীর কারণে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এই তহবিল অবশেষে আমাদের ঋণ থেকে মুক্তি দিবে।পাবলিক হাউজিং কর্তৃপক্ষসমূহ প্রথমে ERAP যোগ্যতার তালিকার সবার শেষে ছিলো, এবং গভর্নর হোকল ও আমাদের আইনসভার নেতৃবৃন্দের কারণে আমরা এই সঙ্কটের সমাধান করছি।"

###

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন